২৭৮৪

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/৬২১৫/৭/টাঙ্গাইল -১৬৬ তারিখঃ২৪.০৩.২০১৯খ্রিঃ

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলার পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসার বর্তমান সভাপতি জনাব মোহাম্মদ শরিফ হোসেন অত্র বোর্ডে অনলাইনে দাখিল কৃত ম্যানেজিং কমিটির নির্বাচনে প্রিজাইডিং অফিসার নিয়োগ ও নির্বাচন প্রক্রিয়ায় অনিয়ম উল্লেখ করে অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, প্রিজাইডিং অফিসার ১ম শ্রেনীর সরকরী কর্মকর্তা নয়, নির্বাচনী তফসিলে সুপার জাল স্বাক্ষর করেন, এছাড়াও সুপার পছন্দের প্রার্থীকে সভপতি নির্বচিত করার জন্য বহিরাগত লোকজনের সমাবেশ ঘটিয়ে তাকে মারপিট করান এবং নির্বাচিত সদস্যগনকে জোর পূর্বক রেজুলেশন খাতায় স্বাক্ষর করিয়ে নেয়ার বিষয়ে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত) ।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (০৪) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

21.03.19

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার
ঘাটাইল, টাঙ্গাইল ।

২৩/০৩/১৯

নং-বামাশিবো/প্রশাসন/ /টাঙ্গাইল -১৬৬ তারিখঃ .০৩.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল ।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল ।
৩. সভাপতি, পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা, ঘাটাইল, টাঙ্গাইল ।
৪. সুপার, পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা, ডাকঘর-পাঁচটিকড়ী, ঘাটাইল, টাঙ্গাইল ।
৫. মোহাম্মদ শরিফ হোসেন, সভাপতি, ম্যানেজিং কমিটি, পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা, ডাকঘর-পাঁচটিকড়ী, ঘাটাইল, টাঙ্গাইল।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্টার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয় ঃ পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনে প্রিজাইডিং অফিসার নিয়োগ সহ নির্বাচন প্রক্রিয়ায় অনিয়ম প্রসঙ্গে।

মহোয়দ,

বিনীত নিবেদন এই যে, আমি মোহাম্মদ শরিফ হোসেন, বর্তমান সভাপতি পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা ম্যানেজিং কমিটি। বর্তমান ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ন হওয়ার পথে ছিল বিধায় ম্যানেজিং কমিটির সদ্যসদের সর্ব সম্মতিক্রমে একজন প্রিজাইডিং অফিসার নিয়োগের ব্যপারে ম্যানেজিং কমিটির সভায় সিধান্ত গৃহীত হয়। এ ব্যপার অত্র মাদ্রাসার সুপার সাহেব এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি আবেদন পত্র দাখিল করা হয়। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার এজন প্রিজাইডিং অফিসার নিয়োগ করেণ যাহার স্বারক নং- ০৫.৩০.৯৩২৮.০০০.০৭.০০৮.২০১৫-২২, তরিখ ঃ৩১/০১/২০০৯ খ্রিঃ মোতাবেক জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন, উপজেলা একাডেমিক সুপারভাইজার কে প্রিজাইডিং অফিসার হিসাবে নিয়োগ করেন কিন্তু (প্রবিধান ১৫) এর ২নং অনুচ্ছেদে বলা আছে ম্যানেজিং কমিটির কোন সদস্য বা সংশ্চিষ্ট বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত ভোটার তালিকায় অন্তরভূক্ত কোন ব্যাক্তি ব্যতিত কোন প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার নিয়োগ করিতে হইবে অথচ পাঁচটিকড়ী দাখিল মাদ্রসার নিয়োগ কৃত প্রিজাইডিং অফিসার এজন বেসরকারী চুক্তি ভিত্তিক প্রকল্পের একজন প্রথম শ্রেণীর পদমর্যাদার কর্মকর্তা (সরকারী প্রথম শ্রেণীর কর্মকর্তা নয়)।
এমনকি উক্ত প্রিজাইডিং অফিসার দ্বারা ঘোষিত নির্বাচনী তফসিল যাহার স্বারক নং- উমাশিকা/ঘাটা/২০১৯/৩৬৫(৫)এ বিদ্যমান প্রিজাইডিং অফিসারের স্বাক্ষরটি জাল করা হয় নির্বাচনী তফসিলটি গোপন করার উদ্দেশ্য যাহা সুপার পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা ও প্রিজাইডিং অফিসারের যোগসূত্রে করা হয়েছে প্রমানিত হয়। সুপার সাহেব গত ১৭/০১/২০১৯ ইং তারিখ রোজ বৃহস্প্রতিবার তাহার মৌখিক বক্তবের মাধ্যমে স্বীকারউক্তিদেন উক্ত স্বাক্ষরটি জাল করা হয়েছে নির্বাচনের পক্ষ পাতিত্বের মাধ্যমে সদস্য নির্বাচন পূর্বক সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে। উল্লেখ গত ১৭/০১/২০১৯ ইং তারিখএ প্রিজাইডিং অফিসার বৈধ প্রার্থীর তালিকা ঘোষনা করেন। ঘোষনার পড়পরি প্রার্থীদয় কে জিজ্ঞাসা বাদ করা হইলে তাহারা এ বিষয়ে কোন কিছুতেই অবগত নয় বলে জানান। পরবর্তীতে সুপার সাহেব কে এ বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হইলে তিনি জানান সকল প্রার্থীদের মনোনয়ন ফরমে সকল স্বাক্ষর তিনি নিজে দিয়েছেন এবং নিজহাতে ফরম গুলি পুরন করেছেন। এ বিষয়ে প্রিজাইডিং অফিসারকে জিজ্ঞাসাবাদ করা হইলে তিনি কোন উত্তর দেননি। পরবর্তীতে সুপার সাহেব ও প্রিজাইডিং অফিসার মিলিত ভাবে স্বাক্ষর জালকৃত প্রথম নির্বাচনী তফসিলটি পরিবর্তন পূর্বক একটি নতুন অনুরূপ তফসিল প্রকাশ করেন (সংযুক্তি-১, তফসিল কপি)। সকল প্রার্থীদয়ের স্বাক্ষর পুনরায় গোপনে গ্রহন পূর্বক আগের মনোনয়ন ফরম গুলি বাতিল করিয়া নতুন মনোনয়ন ফরম তৈরি করে প্রিজাইডিং অফিসারের কাছে জমা রাখেন। উল্লেখ্য প্রথমে বিক্রয় করা ফরমে মাদ্রাসা রেজুলেশন বহিতে লিপিদ্ধ নামের পাশে সুপার সাহেব জাল স্বাক্ষর করিয়া বিক্রয় দেখান যেখানে তাহার হাতের লেখা তাহার স্বাক্ষর বিদ্যমান এবং জালকৃত স্বাক্ষর গুলি (মনোনয়ন ফরম ক্রেতার) তিনি নিজেয় দিয়েছেন (সংযুক্তি-২)। এছাড়া গত ২৮/০১/২০১৯ ইং তারিখে প্রকাশিত ফলাফল বিবরণী তে নির্বাচিত সদস্যগন হইতে জানাযায় তারা কিভাবে বিজয়ী হইলেন এবং কবে তাহাদের মনোনয় পত্র বাছাই হয়েছে এ বিষয়ে তাহারা অবগত নয় এমনকি তাহারা মনোনয়ন পত্র ক্রয় করার জন্য প্রতিষ্ঠানে বা প্রিজাইডিং অফিসারের কার্যালয়ে জাননি। পাশাপাশি নির্বাচনী তফসিলে নির্ধারিত বাছাইয়ের তারিখ গত ১৫/০১/২০১৯ ইং খ্রিঃ রোজ মঙ্গলবার বিকেল ৪ ঘটিকার সময় তাহারা প্রিজাইডিং অফিসারের কার্যালয়ে জাননি

উল্লেখ থাকে যে, প্রিজাইডিং অফিসারের কার্যালয় তথা উপজেলা শিক্ষা অফিসারের সিসি ক্যামের ভিডিও ফুটেজে তাদের দেখা যায়নি। এ বিষয়ে অত্র মাদ্রাসার সুপার সাহেব কে জিজ্ঞাসা করা হইলে তিনি কোন উত্তর না দিয়ে ত্রুটি আছে বলে জানান । আরো উল্লেখ থাকে যে, মনোনয় ও ভোটার তালিকা বিক্রয় হইতে প্রাপ্ত অর্থ (প্রবিধান ১৩) অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সাধারন তহবিলে জমা দেওয়ার কথা থাকিলেও তিনি তা জমা না দিয়ে ব্যয় হয়েছে বলে জানান সুপার কর্তৃক উক্ত বিষয়ে চাঁদা আদায়ের রশিদ (সংযুক্তি-৩) দেওয়া হইল।
এছাড়া সুপার পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের জন্য গত ৩০/০১/২০১৯ ইং তারিখ বিকেল ৩ ঘটিকায় প্রিজাইডিং অফিসারের কার্যালয়ে এক সভা অহব্বান করেন। অত্র সভাস্থলে প্রিজাইডিং অফিসার ও সুপার সাহেব পূর্ব পরিকল্পিত সিধান্ত মোতাবেক তাদের পছন্দনীয় প্রার্থী জনাব জহুরুল ইসলাম বাবুকে সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে বহিরাগত প্রায় ১০০ থেকে ১৫০ জন লোকের সমাগম ঘটান এবং বর্তমান সভাপতি আমি মোহাম্মদ শরিফ হোসেন কে অসৎ উদেশ্য বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারে কক্ষ হইতে ডেকে এনে জন সম্মুখে মারপিট করেন ও নির্বাচিত সদস্যদয়কে ভয় ভিতি দেখিয়ে রাস্তা হইতে বহিরাগত লোকদ্বারা জোপূর্বক ধরে নিয়ে রেজুলেশন খাতায় স্বাক্ষর নিয়ে সভাপতির নির্বাচ সম্পর্ন করেন। উল্লেখ থাকে যে, আমি মোহাম্মদ শরিফ হোসেন অত্র প্রতিষ্ঠান এলাকধিন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বটে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সিসি ক্যামেরা ভিডিও ধারন করা আছে (মামলার প্রক্রিয়া চলমান)। এছাড়া মাদ্রাসা সাদা প্যাডে নৈশ্যপ্রহরি ও দপ্তরির স্বাক্ষর সুকৌশলে রেখে তফসিল প্রচারের দায়িত্ব দেন যাহা নৈশ্য প্রহরি ও দপ্তরি তফসিল প্রকাশের জন্য স্বাক্ষর দেননি বলে জানান।

অতএব মহোদয় সমীপে বিনীত প্রার্থমনা উক্ত বিষয়ের তদন্ত পূর্বক প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহন আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক


তারিখ ঃ ৩১/০১/২০১৯ খ্রিঃ

(মোহাম্মদ শরিফ হোসেন)
সভাপতি
পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা
ঘাটাইল, টাঙ্গাইল।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হইল ঃ

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল।
৪। উপজেল মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোহাম্মদ শরিফ হোসেন
Name: MOHAMMAD SHARIF HOSSAIN
পিতা: মোঃ ইদ্রিস হোসেন
মাতা: তাহমিনা আক্তার
Date of Birth: 27 Dec 1990
ID NO: 19939312877000110

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোস্ট অফিসে জমা দেবার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: বাসা/হোল্ডিং: পাঁচ টিকড়ী, গ্রাম/রাস্তা: পাঁচ টিকড়ী, পাঁচ টিকড়ী, ডাকঘর: পাঁচটিকড়ী - ১৯৬০, ঘাটাইল, টাঙ্গাইল

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

প্রদানের তারিখ: ২৫/০১/২০১৬